দৈনিক বাংলা 28

তারিখ 05 JUN 1990
পৃষ্ঠা ... কলাম ...

# ভর্তি ও প্রতীক্ষার তালিকা

এইচএসসি পরীক্ষার ফল বেশ কিছুদিন আগে বেরোলেও মাত্র কিছুদিন আগে বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পর্ব শেষ হয়ে পড়াশুনা শেষ হলেও বিশ্ববিদ্যালয়ে এখনও ক্লাস শুরু হয়নি। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যাপারে অনেকে আছে প্রতীক্ষার তালিকায়। এই প্রতীক্ষা প্রহর কবে শেষ হবে তারও নিশ্চয়তা নেই।

এই প্রতীক্ষা অনিশ্চিত মেডিক্যাল কলেজ ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদগুলিতে। বিজ্ঞানের ছাত্ররা সাধারণত একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ভাগ্য পরীক্ষার চেষ্টা করে। একই সময় মেডিক্যাল কলেজ, প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদে ভর্তি পরীক্ষা দেয়। এদের অনেকে আবার একাধিক ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পায়। একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে সুযোগ পাওয়ার ফলে এদের সিদ্ধান্ত নিতে দেরী হয়। আবার এরা যে কোন একটি বিভাগে বা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে ভর্তি ইচ্ছুকদের তালিকার আসন শূন্য হয়। এই শূন্য আসনে প্রতীক্ষার তালিকায় ছাত্রছাত্রীরা সুযোগ পাবার কথা। দেখা যাচ্ছে প্রতীক্ষার তালিকায় যাদের নাম তাদের সুযোগ পেতে পেতে বছর ঘুরে যায়। এ প্রসঙ্গে একটি আবেদন আছে অভিভাবকদের বিশেষ করে মেডিক্যাল কলেজে ভর্তির প্রশ্নে।

অভিভাবকদের আবেদন হচ্ছে–অনেক মেধাবী ছাত্র একই সময় কোন বিশ্ববিদ্যালয়ে এবং মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পেতে পারে। নানা কারণে এদের ভর্তি হতে বিলম্ব হয়। অনেকে আবার কিছুদিনের জন্য দু'টি শিক্ষা প্রতিষ্ঠানেই ভর্তি হয়। পরবর্তীকালে পছন্দ চূড়ান্ত করে একটি ছেড়ে দেয়। ফলে ঐ শূন্য পদে যারা ভর্তির জন্য প্রতীক্ষায় থাকে তাদের নাজেহাল হতে হয়। প্রথমত তাদের এই প্রতীক্ষায় থেকে অন্যত্র ভর্তি হবার সুযোগ হারাতে হতে পারে আবার মেডিক্যাল কলেজের মত শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য পদে ভর্তি হতে বছর ঘুরে গেলে পড়াশুনার নিদারুণ ব্যাঘাত হতে পারে। তাই এদের আবেদন হচ্ছে– মেডিক্যাল কলেজে ভর্তি ইচ্ছুক কোন ছাত্রছাত্রী ভর্তি তালিকায় শূন্য আসন থাকলে যেন ভর্তি হওয়ার প্রয়োজনীয় সময় পায়।

অভিভাবকদের এ আবেদনের পিছনের আকাঙ্ক্ষাটি অনুধাবন করা আদৌ অসুবিধাজনক নয়। তবে বাস্তবায়ন করাও খুব সহজ নয়। কবে কোন আসন পূর্ণ হবে সে জন্য যেমন অনন্তকালের জন্য ভর্তির সুযোগ দেয়া সম্ভব নয়, তেমন আবার দীর্ঘদিন পরে ভর্তি হয়ে ছাত্রছাত্রীদের খুব একটা সুবিধা হওয়ার কথা নয় পড়াশুনার ক্ষেত্রে।

তবুও আবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শুধু মেডিক্যাল কলেজ নয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও এই ভর্তির প্রশ্নে সামঞ্জস্য বিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাব।